



বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

মানিলভারিং প্রতিরোধ সেল
dcamlco@krishibank.org.bd
Phone: 02223384486

**বিষয় : মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধে বিকেবি কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর
২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলভারিং ও সন্তাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলভারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা ৩১-১০-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) এবং আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এর মহাব্যবস্থাপক জনাব আবু সাইদ মোঃ রওশানুল হক মহোদয়ের সভাপতিত্বে সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত নির্বাহী /সদস্যগণ উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	নির্বাহী/কর্মকর্তাগনের নাম	পদবী ও কর্মসূল	সিসিসি তে অবস্থান
০১	জনাব আবু সাইদ মোঃ রওশানুল হক	মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)	সভাপতি
০২	জনাব মোঃ জয়নাল আবেদীন	মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৩	জনাব মোহাম্মদ খালেদুজ্জামান	মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৪	জনাব সালাউদ্দিন রাজীব	মহাব্যবস্থাপক (আইসিটি), আইসিটি মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৫	জনাব এফ এম এ রহিম	উপমহাব্যবস্থাপক (ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ) ও উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)	সদস্য সচিব
০৬	জনাব মামুনুর রশীদ	উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৭	জনাব মোহাম্মদ মঙ্গলুল ইসলাম	উপমহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৮	জনাব মোঃ খোরশেদ আনোয়ার	উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোৰ্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
০৯	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান	উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১০	জনাব আখিয়ারা খানম	উপমহাব্যবস্থাপক, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১১	জনাব খান তামজীদ আহমেদ	উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১২	জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী	উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১৩	জনাব হাবিব-উল-নবী	উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১৪	জনাব মোঃ ফরিদ হাসান	উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১৫	জনাব জালান্তারা ফেরদৌস	সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
১৬	জনাব পিনাকী রঞ্জন দাস	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সংশ্লিষ্ট কর্মকর্তা

সভার শুরুতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি মানিলভারিং ও সন্তাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সমসাময়িক বিষয়গুলোর উপর আলোকপাত করেন। পাশাপাশি বিএফআইইউ ও সংশ্লিষ্ট রেগুলেটরি প্রতিষ্ঠানের AML/CFT বিষয়ক নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

পরবর্তীতে বিগত ২৫-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সভায় আলোচ্যসূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক সংযুক্ত মোতাবেক সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য সূচি নং-১

মানিলভারিং ও স্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
"মানিলভারিং ও স্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮" হালনাগাদকরণ।	বিকেবি, ৮২৮ তম পর্যদ সভায় প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন শেষে "মানিলভারিং ও স্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮" এর Update কার্যক্রম ফেব্রুয়ারী/২০২৪ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	মানিলভারিং প্রতিরোধ সেল, প্রকা।

আলোচ্য সূচি নং-২

BAMLCO অনুমোদন :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
শাখা পর্যায়ে মনোনীত BAMLCO অনুমোদন প্রদান।	বিএফআইইউ জারীকৃত সার্কুলার নং-২৬; তারিখ-১৬-০৬-২০২০ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক শাখাসমূহ হতে মনোনীত (জুলাই-সেপ্টেম্বর/২৩ সময়ের) কর্মকর্তাগণকে যাচাইবাছাইপূর্বক কেন্দ্রীয় পরিপালন কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখা'র শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) হিসেবে কার্যোত্তর অনুমোদন প্রদান করা হয়।	মানিলভারিং প্রতিরোধ সেল, প্রকা।

আলোচ্য সূচি নং-৩

গ্রাহকের মৌলিক তথ্য GoAML এ প্রেরণ :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংশোধন ও সংরক্ষণ এবং GoAML এর মাধ্যমে বিএফআইইউ-তে প্রেরণ।	বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক ৬৭,৯৩,১৮৩ জন নিয়মিত গ্রাহক এর মধ্যে ৫৩,১২,০৯০ জন গ্রাহকের মৌলিক তথ্য GoAML এর মাধ্যমে বিএফআইইউ বরাবর প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট নিয়মিত গ্রাহকের তথ্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এর সহায়তায় যথাসময়ে বিএফআইইউ বরাবর প্রেরণ করতে হবে।	মানিলভারিং প্রতিরোধ সেল/আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা।

আলোচ্য সূচি নং-৪

AML/CFT প্রশিক্ষণ :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
AML/CFT বিষয়ক প্রশিক্ষণ।	<p>(ক) বিএফআইইউ কর্তৃক ৩০-০৬-২০২৩ ভিত্তিক বিকেবি, প্রধান কার্যালয় এর AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ মোতাবেক প্রধান কার্যালয় ও শাখার সকল নির্বাহী/কর্মকর্তাগণকে পর্যায়বদ্ধভাবে AML/CFT বিষয়ক কার্যকর প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p> <p>(খ) বিএফআইইউ জারীকৃত সার্কুলার নং-২৬; তাং-১৬-০৬-২০২০ এ প্রদত্ত নির্দেশনা এবং বিগত ১১/০৯/২০২৩ ইং তারিখে বিএফআইইউ এর পরিচালক মহোদয়ের সাথে অত্র ব্যাংকের ক্যামেলকো, ডি-ক্যামেলকোসহ অন্যান্য প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভায় গৃহীত সুপারিশ মোতাবেক ব্যাংকের সিসিসি এর সকল সদস্য ও উর্ধ্বতন নির্বাহীগণের AML/CFT বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে।</p> <p>গ) বিএফআইইউ কর্তৃক ৩০-০৬-২০২৩ ভিত্তিক বিকেবি প্রধান কার্যালয় এর AML System Check পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ মোতাবেক নিরীক্ষাকালে শাখাসমূহের অনিয়ম উদঘাটনের পাশাপাশি তা প্রতিবেদনে বিশদভাবে উল্লেখকরতঃ উক্ত অনিয়ম কার্যকরভাবে দূরীকরণে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	মানিলভারিং প্রতিরোধ সেল / হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২/ বিকেবি স্টাফ কলেজ।

আলোচ্য সূচি নং-৫

e-KYC ম্যানুয়েল :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
e-KYC ম্যানুয়েল হালনাগাদকরণ।	অত্র ব্যাংকের e-KYC গাইডলাইন প্রণয়নে গঠিত কমিটি কর্তৃক দ্রুততম সময়ে তা সম্পূর্ণ করতে হবে। এক্ষেত্রে, ব্যাংকের Mobile App বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট বিভাগকে পরামর্শ প্রদান করা হয়।	আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা।

আলোচ্য সূচি নং-৬

CTR/STR/SAR :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
CTR/STR/ SAR দাখিল।	<p>শাখা পর্যায়ে CTR রিপোর্ট পর্যালোচনাপূর্বক STR/SAR এবং বাণিজ্যভিত্তিক মানিলভারিং সংক্রান্ত STR/SAR সনাত্তকরণে সচেষ্ট থাকার বিষয়ে সংশ্লিষ্ট শাখা/বিভাগসমূহকে নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>আলোচ্য CTR/STR/SAR পর্যালোচনার নিমিত্ত দ্রুততম সময়ে AML Automation সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে।</p>	মানিলভারিং প্রতিরোধ সেল/আর্জাতিক বাণিজ্য বিভাগ/সকল শাখা ব্যবস্থাপক।

(৩)

আলোচ্য সূচি নং-৭

মানিলভারিং প্রতিরোধ বিভাগ গঠন :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
বাংলাদেশ কৃষি ব্যাংকে পৃথক মানিলভারিং প্রতিরোধ বিভাগ গঠন।	বিএফআইইউ কর্তৃক ৩০-০৬-২০২৩ ভিত্তিক বিকেবি, প্রধান কার্যালয় এর AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকে পৃথক মানিলভারিং প্রতিরোধ বিভাগ গঠনের প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, প্রকা।

আলোচ্য সূচি নং-৮

কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সদস্যগণের দায়-দায়িত্ব :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সদস্যগণের দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে বন্টন।	বিএফআইইউ সার্কুলার নং-২৬, তাৎ-১৬/০৬/২০২০ এবং বিএফআইইউ কর্তৃক বিকেবি, প্রধান কার্যালয় এর ৩০-০৬-২০২৩ ভিত্তিক AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ মোতাবেক বিকেবি কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সদস্যগণের দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে বন্টন করতে হবে।	মানিলভারিং প্রতিরোধ সেল, প্রকা।

আলোচ্য সূচি নং-৯

আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম পর্যালোচনা।	বিকেবি মানিলভারিং ও স্ত্রাসে অর্ধায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮ এর অনুচ্ছেদ নং ৪.৩ ও পরিচ্ছেদ-১০ মোতাবেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ে গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক AML/CFT পরিপালন কার্যক্রম জোরাদার করতে হবে।	মানিলভারিং প্রতিরোধ সেল, প্রকা।

আলোচ্য সূচি নং-১০

AML Automation সফটওয়্যার প্রবর্তন :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
CTR Reporting ও পর্যালোচনা, STR Identification, Transaction Monitoring, TP পর্যালোচনার জন্য AML Automation সফটওয়্যার প্রবর্তন।	বিএফআইইউ কর্তৃক বিকেবি, প্রধান কার্যালয় এর ৩০-০৬-২০২৩ তারিখ ভিত্তিক AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ অনুযায়ী Risk Based Approach, Risk Based Transaction Monitoring, TP পর্যালোচনা, CTR Reporting ও পর্যালোচনা, STR Identification ইত্যাদি কার্যক্রমের জন্য AML Automation সফটওয়্যার চালুর বিষয়ে আইসিটি মহাবিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, সংশ্লিষ্ট কয়েকটি ব্যাংকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য কমিটি কর্তৃক পরামর্শ প্রদান করা হয়েছে।	আইসিটি মহাবিভাগ, প্রকা।

(8)

আলোচ্য সূচি নং-১১

সেক্ষ এসেসমেন্ট ও (ITP) পর্যালোচনা সংক্রান্ত :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
<p>(ক) ঘান্যাসিক ভিত্তিতে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার সেক্ষ এসেসমেন্ট রিপোর্টসমূহ যথাযথভাবে পর্যালোচনা।</p> <p>(খ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার ইডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর (ITP) এর নির্ধারিত চেবেলটের উপর ভিত্তি করে যথাযথভাবে রেটিং প্রদর্শন করা।</p> <p>(গ) ব্যাংকের সকল এডি শাখার উপর প্রণীত প্রতিবেদনে বাণিজ্য ভিত্তিক মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত পর্যবেক্ষণ।</p>	<p>(ক) বিএফআইইউ এর বিকেবি, প্রধান কার্যালয়ের ৩০-০৬-২০২৩ ভিত্তিক AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক সকল শাখার সেক্ষ এসেসমেন্ট রিপোর্টসমূহ ঘান্যাসিক ভিত্তিতে যথাযথভাবে পর্যালোচনা করতে হবে।</p> <p>(খ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক ITP চেকলিষ্ট অনুযায়ী শাখাসমূহকে যথাযথভাবে রেটিং প্রদান এবং AML/CFT বিষয়ক অপরিপালিত বিষয়ে সুনির্দিষ্ট উদাহরণসহ পর্যবেক্ষণ প্রদান করতে হবে।</p> <p>(গ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক এডি শাখার উপর প্রণীত প্রতিবেদনে বাণিজ্য ভিত্তিক মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত অপরিপালিত বিষয়সমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক উহার পরিপালনে সুস্পষ্ট পর্যবেক্ষণ প্রদান করতে হবে।</p>	অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, প্রকা।

আলোচ্য সূচি নং-১২

রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত :

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	কার্যকরণ
বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যমূল্য যাচাই, ক্রেডিট রিপোর্ট, Vessel & Container Tracking, সন্দেহজনক লেনদেন পর্যালোচনা, সরবরাহকারী/ আমদানিকারকের ক্রেডিট রিপোর্ট ইত্যাদি পর্যালোচনার নিমিত্ত প্রয়োজনীয় দলিলাদি শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যমূল্য যাচাই, Vessel & Container Tracking, সন্দেহজনক লেনদেন পর্যালোচনা, সরবরাহকারী/ আমদানিকারকের ক্রেডিট রিপোর্ট ইত্যাদি পর্যালোচনার নিমিত্ত প্রয়োজনীয় দলিলাদি শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, প্রকা/সংশ্লিষ্ট শাখা।

পরিশেষে, CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণে সভাটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে মর্যে মন্তব্য করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.11.2023

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)

মহাব্যবস্থাপক (আজ্ঞাতিক ও হিসাব মহাবিভাগ)

ও

প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২৩-২০২৪/১৭৫৯

তারিখ ০২-১১-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডন, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। (উপমহাব্যবস্থাপক, আইমিটি (মিনিমে, ফন্ড ৩ স্মাইল ব্যাংকিং
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। বিভাগস্থ প্রতি ব্যক্তিকে উপর্যুক্ত আন্দোলনের
০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

02/11/2023

(এফ এম এ রহিম)

উপমহাব্যবস্থাপক (বুকি ব্যবস্থাপনা বিভাগ)

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)